



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/১১৯

তারিখ: ০৮-০৫-২০২৪ খ্রি.

**বিষয়:** সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ শর্তাধীনে) ও সমমান শ্রেণিতে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি নির্ধারণ, HSP MIS এ তথ্য এন্ট্রি ও প্রেরণের সময়সীমাবৃদ্ধি।

**সূত্র:** এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/৯২; তারিখ: ২২.০৪.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪ সালের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ শর্তাধীনে) ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি ও উপজেলায় প্রেরণের সময়সীমা ১২.০৫.২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো। বিশেষ বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি এবং উপজেলায় প্রেরণ করার সময়সীমা আগামী ১৯.০৫.২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রি এবং প্রেরণ অপশন ১৯.০৫.২০২৪ তারিখ রাত ১২ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে উপজেলায় প্রেরিত তথ্যাদি যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য HSP/PMEAT-তে প্রেরণ করার সময়সীমা ২১.০৫.২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

২। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ এতদ সংক্রান্ত সকল কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

৩। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:** শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত HSP-MIS এর আইডি/পাসওয়ার্ড ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

৪। **হেল্প লাইন নম্বর:** অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত (মোবাইল নং- ০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (যুগ্মসচিব)

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

পাতা-০২

- ০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০৯। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
- ১৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১৪। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১৫। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১৬। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ ও HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির অপশন চালু করার অনুরোধসহ)।